



মোহাম্মদপুর জেনেভা ক্যাম্পে সেনা অভিযান: ইয়াবা, অস্ত্র ও কোটি টাকার জন্ড, আটক ২



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে সেনাবাহিনী এবং পুলিশ যৌথ অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ইয়াবা, বিস্ফোরক, দেশীয় অস্ত্র এবং নগদ টাকা উদ্ধার করেছে। অভিযানে দুজনকে আটক করা হয়েছে এবং উদ্ধারকৃত মালামাল মোহাম্মদপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার (১৪ আগস্ট) দিবাগত রাত পৌনে ২টার দিকে মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পের ৭ নম্বর সেক্টরে সেনাবাহিনী যৌথ অভিযান চালায়। গোয়েন্দা সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পরিচালিত এই অভিযানে ২০০ পিস ইয়াবা, ১৩টি ককটেল, ২৩৬ গ্রাম গানপাউডার বিস্ফোরক, ২টি সামুরাই তলোয়ার, ১২টি হকিস্টিক, ৩০টি হেলমেট, ২টি ড্রাগন লাইট, ১১ কেজি গাঁজা, ১২ প্যাকেট হেরোইন এবং ১ কোটি ১৩ লাখ টাকা জন্ড করা হয়।

অভিযানে আটক করা হয়েছে রানা মিঠুন (২৫) ও মো. মোক্তার (৬৩) নামে দুই ব্যক্তিকে, যারা একই এলাকায় বসবাস করেন। তাদেরকে প্রথমে শেরেবাংলা নগর আর্মি ক্যাম্পে রাখা হয়। শুক্রবার (১৫ আগস্ট) সকালে জিজ্ঞাসাবাদ শেষে আটক ব্যক্তিদের সঙ্গে উদ্ধারকৃত মালামাল মোহাম্মদপুর থানা পুলিশের হাতে হস্তান্তর করা হয়।

সেনাবাহিনী জানিয়েছে, এই অভিযান এলাকায় শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে নেওয়া একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।